

২০২১

বাংলা - সাম্মানিক

পঞ্চম সেমেস্টার

পত্র : DSE-B-2

(দেশভাগ ও বাংলা সাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) সমকালীন সাহিত্যিকরা 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসটিকে 'একালের সেরা উপন্যাসের' শিরোপা দিয়েছেন। উপন্যাসটির কাহিনি অবলম্বনে এর বিশেষত্বগুলি আলোচনা করো। ১০

অথবা,

- (খ) 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসের 'সোনা' চরিত্রটি কি উপন্যাসিকের আত্ম-প্রতিভাস? — যুক্তিসহ অভিমত দাও। ১০

- ২। (ক) নরেন্দ্রনাথ মিত্র রচিত 'পালঙ্ক' গল্পটি অবলম্বনে ধর্মের সংকীর্ণ গণ্ডি ছাড়িয়ে মানবধর্ম কীভাবে জয়ী হয়েছে তা আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

অথবা,

- (খ) মানিক বন্দ্যোপাধ্যায় রচিত 'ছেলেমানুষি' গল্পটিতে দুটি পরিবারের যে-ছবি ফুটে উঠেছে, তা নিজের ভাষায় বিবৃত করো। ১০

- ৩। (ক) 'কবি অনন্যদাস রায়-এর 'খুকু ও খোকা' কবিতায় ছড়ার হালকা চালে দেশভাগ-এর যন্ত্রণা প্রকট হয়েছে'।— কবিতাটি অবলম্বনে আলোচনা করো। ১০

অথবা,

- (খ) কবি অচিন্ত্যকুমার সেনগুপ্ত রচিত 'পূবপশ্চিম' কবিতাটির মর্মকথা নিজের ভাষায় বিবৃত করো। ১০

- ৪। (ক) "জ্যাঠামশাই, আমরা হিন্দুস্থানে চলিয়া গিয়াছি....."  
— বক্তা কে? জ্যাঠামশাই কে? বক্তা কীভাবে বক্তব্যটি জানিয়েছিল? ১+১+৩

অথবা,

- (খ) "এই চোখ দেখলে পাগল মানুষটার চোখ শুধু ভাসে"— 'পাগল মানুষ'টা কে? কোন চোখের কথা বলা হয়েছে এবং কেন? ১+৪

Please Turn Over

৫। (ক) “যে পয়সা লাভের আশায় ওরা দানবকে জাগিয়ে তুলছে সেই দানবই ওদের ধ্বংস করবে” — প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতাংশটি ব্যাখ্যা করো। ৫

অথবা,

(খ) “আমার মা গেল, বাবা গেল, দেশ গেল” — প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো। ৫

৬। (ক) “খাইমা, এ কোন পৃথিবী আমাকে দেখালে?” — প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো। ৫

অথবা,

(খ) “কী যে ভাবে ঘর ছেড়ে খোঁজে বুঝি দেশ  
কোথায় যে যাবে ভাবে হাওড়ায় নাকি সে ঢাকায়” — প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো। ৫

৭। টীকা লেখো (যে-কোনো একটি)। ৫×১

(ক) ঈশম শেখ

(খ) সারি-জারি

(গ) ১৫ই আগস্ট ১৯৪৭।

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও। ১×১৫

(ক) ‘নীলকণ্ঠ পাখির খোঁজে’ উপন্যাসটি কবে প্রকাশিত হয়?

(খ) ‘জল দাও’ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

(গ) ‘ধলাকর্তা’র প্রকৃত নাম কী?

(ঘ) ‘তোমাকে বলেছিলাম’ কবিতায় কবি কী কথা দিয়েছিলেন?

(ঙ) ‘দেশহীন’ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

(চ) “কেডা কবে যে, মাইয়া-মাইনষের লেখা” — বক্তা কে?

(ছ) “তাই তো বলি পাখি নাকি আমরা?” — কে বলছেন?

(জ) ‘জটায়ু’ গল্পের প্রধান চরিত্র দুটির নাম উল্লেখ করো।

(ঝ) বৈকুণ্ঠ সাহা কাকে সঙ্গে নিয়ে কতদিন বাদে দেশে ফিরে আসেন?

(ঞ) কত টাকা দিয়ে নন্দার স্বামী ড্রেসিং টেবিলটি কিনেছিলেন?

(ট) “হিন্দুরা আমাদের দেখলে ছাপ ফেলায়। আমরা-অ দ্যাশ ফ্যালামু।” — বক্তা কে?

(ঠ) পালঙ্কটি কে, কত টাকায় কিনেছিল?

(ড) ‘নীলকণ্ঠ পাখির খোঁজে’ উপন্যাসটির সূচনায় কোন ঋতুর উল্লেখ রয়েছে?

(ঢ) “একটি খদ্দেরের টুপি আগেই কিনে রাখলে বোধ হয় আর একটু সুবিধা হতো” — একথা কে ভেবেছে?

(ণ) ‘বাংলা, হায় বাংলা’ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?